



Cyber Security – Centre of Excellence

<https://cscoe.itewb.gov.in>




জাতীয় সাইবার সুরক্ষা সচেতনতা মাস



ইমেল সুরক্ষা

মা: এই দেখ, আমি তোর জন্য একটা ইমেল অ্যাকাউন্ট খুলে দিচ্ছি। এরপর যখনই ইমেল করবি তখন সবসময় ইমেলের সুরক্ষাব্যবস্থা সংক্রান্ত কতকগুলো কৌশল মনে রাখবি।



মেয়ে: আচ্ছা মা।

মা: প্রথমেই তোকে মনে রাখতে হবে, অ্যাকাউন্টের সুরক্ষার জন্য সবসময় একটা শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করা দরকার।

মেয়ে: মা, শক্তিশালী পাসওয়ার্ড মানে ?

মা: শক্তিশালী পাসওয়ার্ড হল এমন একটা একক, যাতে কমপক্ষে আটটা ক্যারেক্টার থাকে। বড়-হাতের ও ছোট-হাতের অক্ষর, সংখ্যা ও বিশেষ ক্যারেক্টার মিলিয়ে ওই একক তৈরি করতে হয়। এছাড়াও আমি তোর অ্যাকাউন্টে টু-ফ্যাক্টর অথেন্টিকেশন (2FA) দিয়ে রাখছি যা তোর ইমেলের ক্ষেত্রে অতিরিক্ত সুরক্ষা দেবে।

মেয়ে: বুঝতে পারলাম না, আর একটু বুঝিয়ে বলো?

মা: টু-ফ্যাক্টর অথেন্টিকেশন বা 2FA বলতে বোঝায় পরিচয় দু-বার যাচাই করে নেওয়া। প্রথমে তোকে পাসওয়ার্ড দিতে হবে; তারপর ফোন বা ইমেলে মেসেজের মাধ্যমে তোর পরিচয় যাচাই করবার জন্য তুই আরেকটা কোড পাবি। এটা কেমন বল তো? ঠিক যেমন শীত করলে অতিরিক্ত একটা জামা পরিস, তেমন।

মেয়ে: বাঃ উপমাটা দারুন দিলে তো।

মা: মনে রাখিস মা, অপরিচিত কোনো ব্যক্তির থেকে ইমেলের মাধ্যমে পাওয়া কোনো লিংকে ক্লিক করবি না; তাহলে খারাপ লোকেরা তোর নিজের তথ্যগুলো পেয়ে যাবে। তোর পাসওয়ার্ডটাও কাউকে বলবি না। প্রত্যেকবার যখন অ্যাকাউন্টে কাজ করবি তখন এই কথাগুলো মনে রাখবি।

মেয়ে: থ্যাংক ইউ মা। আমার অ্যাকাউন্ট সুরক্ষিত রাখতে তোমার কথাগুলো অবশ্যই মনে রাখবো।

প্রতারকদের হাত থেকে আপনার ইমেল অ্যাকাউন্ট সুরক্ষিত রাখুন। শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করুন, টু-ফ্যাক্টর অথেন্টিকেশন ব্যবহার করুন, সন্দেহজনক লিংকে ক্লিক করবেন না।

**Department of IT & Electronics
Govt. of West Bengal**